

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২২, ২০১১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে জুন, ২০১১/৮ই আষাঢ়, ১৪১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২১শে জুন, ২০১১ (৭ই আষাঢ়, ১৪১৮) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১১ সনের ১০ নং আইন

কর-ন্যায়পাল আইন, ২০০৫ (২০০৫ সনের ১৯নং আইন) রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু কর-ন্যায়পাল আইন, ২০০৫ (২০০৫ সনের ১৯নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন কর-ন্যায়পাল (রহিতকরণ) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

( ৬০৯৩ )

মূল্য ঃ টাকা ২.০০

২। কর-ন্যায়পাল আইন, ২০০৫ (২০০৫ সনের ১৯নং আইন) রহিতকরণ ও হেফাজত।—(১) কর-ন্যায়পাল আইন, ২০০৫ (২০০৫ সনের ১৯নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত আইন রহিতকরণ সত্ত্বেও—

- (ক) উহার অধীন স্থাপিত কর-ন্যায়পাল কার্যালয়ের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ (যদি থাকে), দলিল-দস্তাবেজ, ইত্যাদি সরকারের অনুকূলে ন্যস্ত হইবে;
- (খ) উহার অধীন স্থাপিত কর-ন্যায়পাল কার্যালয়ের সকল দায়-দেনা (যদি থাকে) সরকারের উপর বর্তাইবে;
- (গ) উহার অধীন দায়েরকৃত সকল অনিষ্পন্ন অভিযোগ, তদন্ত ও সাক্ষ্য, ইত্যাদি যদি থাকে, বাতিল (abate) হইবে; এবং
- (ঘ) কর-ন্যায়পাল কার্যালয়ে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মরত কর্মচারীগণ Surplus Public Servants Absorption Ordinance, 1985 (Ordinance No. XXIV of 1985) অনুসারে উদ্ধৃত হিসাবে ঘোষিত হইবেন এবং বিধি মোতাবেক আত্মীকৃত হইবেন।

আশফাক হামিদ  
সচিব।